

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.২৩

তারিখ: ৪ মাঘ ১৪২৮

১৮ জানুয়ারি ২০২২

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ১১৭৫০/২০২১ মামলার অন্তর্বর্তীকালীন আদেশের প্রেক্ষিতে আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার বাগমারা উপজেলার দ্বীপনগর কলেজ অধ্যক্ষ জনাব মোঃ আঃ লতিফ সরকার এর সাময়িক বরখাস্ত কালীন সময়ের বকেয়া বেতন-ভাতা প্রদানের আদেশ দানের জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা বরাবর ২৪/১১/২০২১ ইং তারিখে আবেদন করেন।

জনাব মোঃ আঃ লতিফ সরকার আবেদন পত্রটি প্রেক্ষিতে কোন ব্যবস্থা গ্রহণ না করা সংস্কৃত হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১১৭৫০/২০২১ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ এ মামলার ১২/১২/২০২১ তারিখে নিম্নরূপ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করেন;

“The respondent No. 3 directed to dispose of the application made by the petitioner on 24.11.2021 (Annexure-H) in, accordance with law, within a period of 04(four) weeks from the date of receipt of the copy of this order”.

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ রিট পিটিশন নং-১১৭৫০/২০২১ মামলার অন্তর্বর্তীকালীন আদেশের প্রেক্ষিতে বাদীর ২৪.১১.২০২১ তারিখের আবেদনটি (Annexure-H) বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৮-১-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব

মহাপরিচালক (রুটিন দায়িত্ব)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.২৩/১


তারিখ: ৪ মাঘ ১৪২৮

১৮ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৮-১-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব